

“আত্মকর্মে যুবশক্তি, টেকসই উন্নয়নের মূলভিত্তি”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং- ৩৪.০১.০০০০.০২৮.৪৪.০০৯.১৫-৪০৬


তারিখঃ ২২/১০/২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ ঋণের অর্থ স্থানান্তরের তথ্য প্রেরণ না করার কারণ ব্যাখ্যা প্রসংগে।

সূত্র : ৩৪.০১.০০০০.০২৮.৪৮.৭৮০.০৬ (অংশ-১), তারিখঃ ২০/০৮/২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তরের পরিবারভিত্তিক কর্মসংস্থান কর্মসূচিভুক্ত ৪২টি উপজেলার বিতরণযোগ্য ঋণ তহবিলের স্থিতি হতে ৮.৯২ কোটি টাকা ১১৬টি উপজেলার আত্মকর্মসংস্থান কর্মসূচির অনুকূলে স্থানান্তরের আদেশ দিয়ে সূত্র পত্র জারী করা হয়। উক্ত পত্রে ঋণের অর্থ স্থানান্তর এবং প্রাপ্তির তথ্য জেলা কার্যালয়ের মাধ্যমে সমন্বিত করে ৩০/০৯/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করার নির্দেশনা দেয়া হয়। অদ্যাবধি কোন জেলা হতে এ সংক্রান্ত কোন তথ্য পাওয়া যায়নি, তবে উপজেলা থেকে প্রাপ্ত ঋণের মাসিক প্রতিবেদন পর্যবেক্ষণ করে দেখা যায়, কোন কোন উপজেলা থেকে অর্থ স্থানান্তর করা হয়েছে এবং স্থানান্তরিত অর্থ গৃহীত হয়েছে। এ ক্ষেত্রে আপনার আওতাধীন উপজেলা কার্যালয় হতে ঋণের অর্থ স্থানান্তর/প্রাপ্তির তথ্য না পাওয়ায় প্রধান কার্যালয়ে ঋণের সমন্বিত প্রতিবেদন তৈরীতে বিভ্রান্তির সৃষ্টি হয়েছে এবং ঋণ তহবিলের সঠিক হিসাব নিরূপণ সম্ভব হচ্ছে না।

০২। বর্ণিত অবস্থায়, নির্ধারিত সময়ের মধ্যে ঋণের অর্থ স্থানান্তর/প্রাপ্তির তথ্য প্রেরণ না করার কারণ ১০(দশ) কর্মদিবসের মধ্যে জানানোসহ জেলাধীন যে সকল উপজেলা থেকে এখনও অর্থ স্থানান্তর করা হয়নি সে সকল উপজেলা হতে আগামী ৩০/১০/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে অর্থ স্থানান্তর নিশ্চিতকরণ এবং যে সকল উপজেলার অনুকূলে বরাদ্দককৃত অর্থ প্রাপ্ত হয়েছে সে সকল উপজেলার তথ্য সূত্র পত্রের নির্দেশনা মতে প্রধান কার্যালয়কে আগামী ০৭/১১/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে জানাতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২২/১০/১৭
(ফরিদা ইয়াসমিন)
উপ পরিচালক (দাঃ বিঃ ও ঋণ)
ফোন-৯৫৫৩৩২৩।

উপ পরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর
----- (সংশ্লিষ্ট সকল) জেলা।

অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ করা হলো-

- ০১। প্রোগ্রামার (আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

তালিকা : (যে সকল জেলা থেকে অর্থ স্থানান্তর/প্রাপ্তির তথ্য প্রেরণ করা হয়নি)

১. ঢাকা, ২. নারায়নগঞ্জ, ৩. মানিকগঞ্জ, ৪. নরসিংদী, ৫. মুন্সীগঞ্জ, ৬. গাজীপুর, ৭. ফরিদপুর, ৮. মাদারীপুর, ৯. রাজবাড়ী, ১০. গোপালগঞ্জ, ১১. ময়মনসিংহ, ১২. নেত্রকোণা, ১৩. কিশোরগঞ্জ, ১৪. জামালপুর, ১৫. শেরপুর, ১৬. টাঙ্গাইল, ১৭. নওগাঁ, ১৮. সিরাজগঞ্জ, ১৯. বগুড়া, ২০. কুড়িগ্রাম, ২১. দিনাজপুর, ২২. পঞ্চগড়, ২৩. ঠাকুরগাঁও, ২৪. যশোর, ২৫. কুষ্টিয়া, ২৬. মেহেরপুর, ২৭. চুয়াডাঙ্গা, ২৮. বরিশাল, ২৯. ভোলা, ৩০. পিরোজপুর, ৩১. বরগুনা, ৩২. বালকাঠি, ৩৩. পটুয়াখালী, ৩৪. চট্টগ্রাম, ৩৫. কক্সবাজার, ৩৬. নোয়াখালী, ৩৭. লক্ষ্মীপুর, ৩৮. ফেনী, ৩৯. কুমিল্লা, ৪০. ব্রাহ্মণবাড়িয়া, ৪১. সিলেট, ৪২. সুনামগঞ্জ, ৪৩. হবিগঞ্জ এবং ৪৪. মৌলভীবাজার।